**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১৯ এপ্রিল ২০১৫, ৬ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকা ও চট্টগ্রাম ভাগ করে আরও দুটি বিভাগ হবে : প্রধানমন্ত্রী
২। এমডিজি অর্জনে বাংলাদেশ বিশ্বের রোল মডেল : স্পিকার
৩। জ্বালানি খাতে ভর্তুকি কমবে না : অর্থমন্ত্রী
৪। সকল হাসপাতালে সান্ধ্যকালীন রাউন্ড কার্যকর করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
৫। মোবাইল অ্যাপসে বিশ্ববাজারে নেতৃত্ব দেবে বাংলাদেশ : আইসিটি প্রতিমন্ত্রী
৬। ইয়েমেনে আটকেপড়া ৩৩৭ বাংলাদেশি দেশে ফিরেছেন
৭। সিটি কর্পোরেশন নির্বাচনে রাজধানীতে জমজমাট প্রচারণা : ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা
৮। সীমান্ত হত্যা বন্ধে আলোচনা অব্যাহত রয়েছে : বিজিবি মহাপরিচালক
৯। বাংলাদেশ-ভারত বাণিজ্য বাড়াতে চাই রাজনৈতিক ঐক্য : সিপিডির আলোচনায় বক্তারা
১০। সিটি কর্পোরেশন নির্বাচন পর্যবেক্ষণে জাপানসহ ৪৩ সংস্থা
১১। সীমান্তের ওপারে ৬২ ফেনসিডিল কারখানা শনাক্ত

চলমান পাতা/২

১। ঢাকা ও চট্টগ্রাম ভাগ করে আরও দুটি বিভাগ হবে : প্রধানমন্ত্রী

ঢাকা ও চট্টগ্রাম বিভাগকে ভাগ করে আরও দুটি নতুন বিভাগ গঠনের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকার ইতোমধ্যেই এ ব্যাপারে প্রশাসনিক পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী গতকাল ১৮ এপ্রিল শনিবার রাজধানীতে তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে কুমিল্লার লাকসামে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দুটি প্রকল্পের উদ্বোধন ও একটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর প্রতিষ্ঠাকালে ওই ঘোষণা দেন। তিনি জানান, বর্তমান চট্টগ্রাম বিভাগকে দুই ভাগ করে বৃহত্তর কুমিল্লার জেলাগুলো দিয়ে কুমিল্লা বিভাগ গঠন করা হবে। সরকারের প্রশাসনিক বিকেন্দ্রীকরণের সিদ্ধান্ত অনুসারে বিভাগগুলো ভাগ হবে। সূত্র-প্রথম আলো (পৃ.৭,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৬)।

২। এমডিজি অর্জনে বাংলাদেশ বিশ্বের রোল মডেল : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপার্সন ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে বাংলাদেশ বিশ্বের রোল মডেল। বাংলাদেশে রাজনৈতিক নেতৃত্ব থেকে শুরু করে আর্থ-সামাজিক সব ক্ষেত্রে নারী-পুরুষের ব্যবধান কমে আসছে। সরকার গৃহীত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ফলেই এটা সম্ভব হচ্ছে। গত ১৭ এপ্রিল শুক্রবার জার্মানির বার্লিনে ইউরোপিয়ান পার্লামেন্টারি ফোরাম অন পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট এবং জার্মান অল পার্টি পার্লামেন্টারিয়ানস গ্রুপ অন পপুলেশন অ্যান্ড ডেপেলভমেন্ট আয়োজিত সেমিনারের দ্বিতীয় দিনে দেওয়া বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.১৭,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.৪)।

৩। জ্বালানি খাতে ভর্তুকি কমবে না : অর্থমন্ত্রী

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম যখন অর্ধেকে নেমে এসেছে, তখন এই খাতে সরকারকেও কম অর্থ ব্যয় করতে হচ্ছে। সংগত কারণেই জ্বালানি খাতে ভর্তুকিও দিতে হচ্ছে কম। তারপরও আগামী বাজেট সামনে রেখে জ্বালানি-বিদ্যুৎ উভয় খাতেই ভর্তুকি কমাতে পরামর্শ দিয়েছে বিশ্বব্যাংক। তবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সেই পরামর্শ নাকচ করে দিয়েছেন। বিশ্বব্যাংককে অর্থমন্ত্রী উল্টো জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার জন্য প্রতিশ্রুত অর্থ ছাড় না করার কথা বলেছেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) তিন দিনব্যাপী বসন্তকালীন বৈঠকে যোগ দিয়ে অর্থমন্ত্রী বাংলাদেশের সাংবাদিকদের এসব কথা জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১)।

৪। সকল হাসপাতালে সান্ধ্যকালীন রাউন্ড কার্যকর করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম সরকারি হাসপাতালের চিকিৎসকদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, দেশের বিপুল সংখ্যক দরিদ্র জনগোষ্ঠী সরকারি হাসপতাল ও ক্লিনিকের ওপর নির্ভরশীল। তাদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। সব হাসপাতালে কর্মরত চিকিৎসকদের সন্ধ্যকালীন রাউণ্ড অধিকতর কার্যকর করতে হবে। এক্ষেত্রে কোনো শৈথিল্য বরদাশত করা হবে না। গতকাল ১৮ এপ্রিল শনিবার সন্ধ্যায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অ্যাসোসিয়েশন অব ফিজিশিয়ান অব বাংলাদেশ আয়োজিত ২৬তম জাতীয় সম্মেলন ও বৈজ্ঞানিক অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪)।

৫। মোবাইল অ্যাপসে বিশ্ববাজারে নেতৃত্ব দেবে বাংলাদেশ : আইসিটি প্রতিমন্ত্রী

স্মার্টফোন অ্যাপাসের দুই হাজার ৫০০ কোটি ডলারের বিশ্ববাজারে আগামীতে বাংলাদেশই নেতৃত্ব দেবে বলে মন্তব্য করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এজন্য সরকারিভাবে দেশের অ্যাপ ডেভেলপারদের প্রয়োজনীয় সব ধরনের পৃষ্ঠপোষকতা দেওয়া হবে বলেও জানান তিনি। গতকাল ১৮ এপ্রিল শনিবার সন্ধ্যায় রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত 'জাতীয় মোবাইল অ্যাপ্লিকেশন পুরস্কার ও ডেভেলপার সম্মেলন-২০১৫' শীর্ষক অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬)।

৬। ইয়েমেনে আটকেপড়া ৩৩৭ বাংলাদেশি দেশে ফিরেছেন

ইয়েমেনে আটকেপড়া ৩৩৭ বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হচ্ছে। বাংলাদেশ বিমানের দুটি বিশেষ ফ্লাইটে আজ ১৯ এপ্রিল রোববার ভোরেই তাদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছানোর কথা রয়েছে। গতকাল ১৮ এপ্রিল শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ইয়েমেনে বর্তমানে দেড় থেকে তিন হাজার বাংলাদেশি রয়েছেন। সম্প্রতি হুতি বিদ্রোহীরা দেশটির প্রেসিডেন্টকে উৎখাত করে রাজধানী সানার নিয়ন্ত্রণ নিলে পরিস্থিতির দ্রুত অবনতি হয়। বিদ্রোহীদের বিরুদ্ধে সৌদি আরবের নেতৃত্বে অভিযান শুরুর পর এখন দেশটিতে যুদ্ধাবস্থা বিরাজ করছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), প্রথম আলো (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)।

৭। সিটি কর্পোরেশন নির্বাচনে রাজধানীতে জমজমাট প্রচারণা : ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা

নির্বাচনের আর মাত্র বাকি ৯ দিন। যতই দিন যাচ্ছে ততই জমজমাট হচ্ছে নির্বাচনী প্রচারণা। এরই মধ্যে প্রচার-প্রচারণায় পুরোদমে ব্যস্ত হয়ে পড়েছেন প্রার্থীরা। গতকাল ১৮ এপ্রিল শনিবার মুখরিত ছিল রাজধানী। মেয়র, কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থীদের সঙ্গে নির্বাচনে আগ্রহী হয়ে উঠেছেন সাধারণ মানুষও। বিজয়ী হতে নানা কৌশলে নির্বাচনী প্রচারণায় সরব প্রার্থীরা। বস্তি থেকে অভিজাত এলাকায় ভোটারদের দ্বারে দ্বারে ঘুরে বেড়াচ্ছেন তারা। নিজের প্রতীকে ভোট প্রার্থনা করে ঢাকার উন্নয়নে নানা প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনী প্রচারপত্র তুলে দিচ্ছেন ভোটারদের হাতে। আর প্রতিটি পাড়া-মহল্লার অলিগলি ও রাজধানীর মূল সড়কগুলো ছেয়ে গেছে পোস্টারে পোস্টারে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৩)। সংবাদ, ইনকিলাব, সমকাল এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। সীমান্ত হত্যা বন্ধে আলোচনা অব্যাহত রয়েছে : বিজিবি মহাপরিচালক

সাংবিধানিক দায়িত্বের অংশ হিসেবেই বিজিবি জনগণের জানমালের নিরাপত্তা বিধানে বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান করছেন। মোট জনবলের ১০ থেকে ১৫ শতাংশ বিজিবি সদস্য এই দায়িত্বে রয়েছেন। তাই কোনো রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়ন বা সরকারের হাতিয়ার হিসেবে ব্যবহৃত হওয়ার প্রশ্নই আসে না। গতকাল ১৮ এপ্রিল শনিবার বর্ডার গার্ড বাংলাদেশ-বিজিবি'র দিনাজপুর সেক্টর সদর দফতরে শহীদ কর্নেল গুলজার হল প্রাঙ্গণে স্থানীয় গণমাধ্যম কর্মীদের সঙ্গে মতবিনিময়কালে বিজিবি'র মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ দৃঢ়তার সঙ্গে উপরোক্ত মন্তব্য করেন। তিনি বলেন, সীমান্তে অযাচিত ও অনাকাঙ্ক্ষিত হত্যা বন্ধে সব ধরনের আলোচনা অব্যাহত রয়েছে। এই ধরনের হত্যাকাণ্ড কোনভাবেই কাম্য নয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (পৃ.১৯,ক.১)।

৯। বাংলাদেশ-ভারত বাণিজ্য বাড়াতে চাই রাজনৈতিক ঐক্য : সিপিডির আলোচনায় বক্তারা

স্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত নীতিমালা ও শুল্ক-অশুল্ক বাধা বাংলাদেশ-ভারত বাণিজ্য বাধাগ্রস্ত করছে। বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার নামে বন্দরেই বাংলাদেশি পণ্যের গুণাগুণ নষ্ট হচ্ছে, খরচ বাড়ছে ও সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন ঘটছে। এতে ভারতে বাংলাদেশি পণ্য রপ্তানি ব্যাপকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। দু'দেশের মধ্যে বিদ্যমান শুল্ক-অশুল্ক বাধা দূর করার জন্য রাজনৈতিক নানামুখী সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন বলে মত দিয়েছেন বিশেষজ্ঞরা। মহাখালী ব্র্যাক ইন সেন্টারে গতকাল ১৮ এপ্রিল শনিবার 'নন-ট্যারিফ ব্যারিয়ার ইন বাংলাদেশ-ইন্ডিয়া ট্রেড-অ্যাড্রেসিং এসপিএস ইস্যু অ্যান্ড কনসার্ন' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১)।

১০। সিটি কর্পোরেশন নির্বাচন পর্যবেক্ষণে জাপানসহ ৪৩ সংস্থা

আসন্ন তিন সিটি কর্পোরেশন নির্বাচন পর্যবেক্ষণ করবে জাপান দূতাবাসসহ ৪৩টি দেশি-বিদেশি সংস্থা। ইতোমধ্যে এসব সংস্থার আবেদন অনুমোদন দিয়ে রিটার্নিং কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন কমিশনের জনসংযোগ পরিচালক এসএম আসাদুজ্জামান জানিয়েছেন, আসন্ন তিন সিটি নির্বাচনে তিন বিদেশি সংস্থাকে পর্যবেক্ষণের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-যায়যায়দিন (পৃ.১৫, ক.১), যুগান্তর (পৃ.২,ক.৮)।

১১। সীমান্তের ওপারে ৬২ ফেনসিডিল কারখানা শনাক্ত

বাংলাদেশের সীমানাসংলগ্ন ভারতীয় অংশে শনাক্ত করা হয়েছে ৬২টি বড় ধরনের ফেনসিডিলের কারখানা। এসব কারখানায় উৎপাদিত ফেনসিডিল নেশার উপযোগী করে তুলতে উচ্চমাত্রার রাসায়নিক (কোডিন ফসফেট) মেশানো হচ্ছে। বছরে কমপক্ষে এক কোটি বোতল বিশেষ ধরনের এই ফেনসিডিল বাংলাদেশে ঢুকছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। দীর্ঘ অনুসন্ধান চালিয়ে মালিকের নাম-ঠিকানাসহ সীমান্তবর্তী ফেনসিডিল কারখানাগুলোর সুনির্দিষ্ট অবস্থান শনাক্ত করে একটি তালিকা তৈরি করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। পরবর্তীকালে তালিকাটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে জমা দেওয়া হয়। পাশাপশি এটি গত মাসে সফরকারী ভারতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরোর (এনসিবি) মহাপরিচালকের হাতেও তুলে দেওয়া হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, যুগান্তর : পয়লা বৈশাখে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কয়েকজন নারী লাঞ্ছিত হওয়ার ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের শনাক্ত করে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক : রাজধানীর বিভিন্ন জায়গায় ঝিলের উপর নির্মিত ঝুঁকিপূর্ণ বাড়িগুলো মারাত্মক দুর্ঘটনায় পতিত হওয়ার আশংকায় এগুলো উচ্ছেদে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে তফসিল ঘোষণা করার পরও কিছু প্রার্থীর নির্বাচনী আচরণবিধি লঙ্ঘিত হওয়ার ঘটনা উদ্বেগজনক হওয়ায় নির্বাচন কমিশনকে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল : গ্রামের গরিব মানুষের জন্য সরকারি উদ্যোগে নির্মিত আশ্রয়ণ প্রকল্প প্রশংসনীয় উল্লেখ করে

ছিন্নমূল মানুষের জন্য আশ্রয় নিশ্চিত করার পাশাপাশি তাদের উপার্জনক্ষম করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি সান, নিউ এজ : বাংলাদেশ ক্রিকেট দল পাকিস্তান ক্রিকেট দলের বিপক্ষে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে জয়লাভ করায় অভিনন্দন জানিয়ে বাংলাদেশ দল সিরিজ জিতবে বলে প্রত্যাশা ব্যক্ত;

চ. ডেইলি স্টার : সুপ্রিম কোর্টে বছরে ৬ মাস ছুটি ভোগ করার ও পেন্ডিং মামলার সংখ্যা ৩ লাখ হওয়ায় মামলাগুলো নিষ্পত্তির ব্যাপারে প্রধান বিচারপতির অভিমতের ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : তুলা চাষে ব্যাপক প্রণোদনা দেওয়ার সুপারিশ;

জ. ডেইলি সান : দারিদ্র্যবিমোচনের লক্ষ্যে হস্তচালিত শিল্পকারখানায় দক্ষ শ্রমিক নিয়োগ বৃদ্ধি করাসহ অন্যান্য ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানে চাকুরির সুযোগ করে দেওয়ার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. নিউজ টুডে : বৃহৎ শিল্প উদ্যোক্তাসহ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ব্যাংকের এসএমই লোন প্রাপ্তির ব্যবস্থা সহজ করার ওপর গুরুত্বারোপ;

ঞ. নিউ নেশন : ডাক্তারদের রাজনৈতিক কর্মকাণ্ডে বিশেষ করে ওয়ার্কিং আওয়ারে নির্বাচন বিষয়ক অনুষ্ঠানে অংশ গ্রহণ না করার সুপারিশ;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : মাতারবাড়ি-রামপাল বিদ্যুৎ প্ল্যান্টে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থ প্রদানে ব্যাপক অনিয়মের বিষয় তুলে ধরে এ ব্যাপারে প্রকৃত ক্ষতিগ্রস্তদের যথাযথভাবে ক্ষতিপূরণ প্রদানের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে সম্প্রতি দেশ জুড়ে কালবৈশাখীর যে তান্ডব প্রকৃতি প্রাণী ও উদ্ভিদ জগৎকে লণ্ডভণ্ড করার জোগাড় করেছিল তা জলবায়ু পরিবর্তনে প্রকৃতির বৈরীতার ফলে সৃষ্ট বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘বাস্তবতা থেকে শিক্ষা নিতে হবে’ শিরোনামের নিবন্ধে  এএইচএস নোমান শিক্ষা, স্বাস্থ্যে, আবাসনে, কর্মসংস্থানে, কৃষ্টি কালচারে বৈষম্য নিরসন করে কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা